# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৮৯৮

১. পবিত্রতা অধ্যায় (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৯৪. হায়েযের পরে যদি ঘোলা (মেটে) বর্ণ দেখা দেয়

## بَابُ الْكُدْرَةِ إِذَا كَانَتْ بَعْدَ الْحَيْضِ

আরবী

أَخْبَرَنَا عُبَيْدُ اللَّهِ بْنُ مُوسَى عَنْ إِسْرَائِيلَ عَنْ أَبِي إِسْحَقَ عَنْ الْحَارِثِ عَنْ عَلِيٍّ قَالَ إِذَا تَطَهَّرَتْ الْمَرْأَةُ مِنْ الْمَحِيضِ ثُمَّ رَأَتْ بَعْدَ الطُّهْرِ مَا يَرِيبُهَا فَإِنَّمَا هِيَ رَكْضَةٌ مِنْ الشَّيْطَانِ فِي الرَّحِمِ فَإِذَا رَأَتْ مِثْلَ الرُّعَافِ أَوْ قَطْرَةِ الدَّمِ أَوْ غُسَالَةِ اللَّحْمِ تَوَضَّأَتْ وُضُوءَهَا لِلصَّلَاةِ ثُمَّ تُصَلِّي فَإِنْ كَانَ دَمًا عَبِيطًا الَّذِي لَا خَفَاءَ بِهِ فَلْتَدَعْ الصَّلَاةَ قَالَ أَبُو مُحَمَّد سَمِعْتُ يَزِيدَ بْنَ هَارُونَ يَقُولُ إِذَا كَانَ أَيَّامُ الْمَرْأَةِ سَبْعَةً فَرَأَتْ الطُّهْرَ بَيَاضًا فَتَزَوَّجَتْ ثُمَّ رَأَتْ الدَّمَ مَا بَيْنَهَا وَبَيْنَ الْعَشْرِ فَالنِّكَاحُ جَائِزٌ صَحِيحٌ فَإِنْ رَأَتْ الطُّهْرَ دُونَ السَّبْعِ فَتَزَوَّجَتْ ثُمَّ رَأَتْ الدَّمَ فَلَا يَجُوزُ وَهُوَ حَيْضٌ وَسُئِلَ عَبْد اللَّهِ تَقُولُ بِهِ قَالَ نَعَمْ

إسناده حسن من أجل الحارث الأعور

বাংলা

৮৯৮. হারিছ হতে বর্ণিত, আলী রাদ্বিয়াল্লাহু আনহু বলেন: যখন কোনো মহিলা হায়েয থেকে পবিত্র হয়, তারপর পবিত্রতার পরে (রক্তস্রাব) দেখে, যা তাকে সন্দেহে নিপতিত করে, এটা জরায়ুতে শয়তানের চলাচলের (বা পদাঘাতের) ফলে সৃষ্ট। ফলে যখন সে এরূপ প্রবাহমান রক্ত, রক্তের ফোঁটা কিংবা মাংস ধোয়া পানির মতো রং দেখে, তখন সে সালাতের ওযুর ন্যায় ওযু করবে, এরপর সালাত আদায় করবে। আর তা যদি তাজা রক্ত হয় যা গোপন থাকে না, তবে সে যেন সালাত পরিত্যাগ করে।[1]

আবু মুহাম্মদ বলেন: আমি ইয়াযীদ ইবনু হারুন রাহি. কে বলতে শুনেছি, যদি কোনো মহিলার (হায়েযের) সাতদিন অতিক্রান্ত হয়, আর সে পবিত্র অবস্থার সাদা রং দেখে, ফলে সে বিবাহ বন্ধনে আবদ্ধ হয়, অতঃপর সে দশদিনের মধ্যেই আবার রক্ত দেখে, তবে তার বিবাহ বৈধ ও সঠিক হবে। আর যদি সে সাত দিনের কমে নিজেকে পবিত্র

অবস্থায় দেখে, ফলে সে বিবাহ বন্ধনে আবদ্ধ হয়। এরপর রক্তস্রাব দেখে, তবে তা (তার বিবাহ) বৈধ হবে না, কারণ এটা হায়েয। আব্দুল্লাহকে জিজ্ঞেস করা হলো: আপনিও কি একথা বলেন? তিনি বললেন: হাঁ।

## ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ হাসান, হারিছ আল আউর এর কারণে।

তাখরীজ: ইবনু আবী শাইবা ১/৯৩ যয়ীফ সনদে।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ হারিছ আল-আ'ওয়ার (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=76275

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন